

মাঠপর্যায়ের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট


- ই-মনিটরিং এর তারিখ : ১৬/০৮/২০২২
- ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ শহীদুল্লাহ, উপসচিব (উ: ১)।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : নাছরীন আক্তার, উপ-পরিচালক (অ: দা:)।
এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ :

অদ্য উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী ই-মনিটরিং করা হলো। উপ-পরিচালক (অ: দা:) জানান যে, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে আধুনিক দর্জি বিজ্ঞান, বিউটিফিকেশন, ব্লক বাটিক, আধুনিক খাদ্য প্রস্তুতকরণ প্রশিক্ষণ দেয়া হয়। বছরে প্রতি ব্যাচে ২০ জন করে ৪টি ব্যাচে ৫টি বিষয়ে সর্বমোট ৪০০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়। গত ২০২১-২২ অর্থবছরে ৪০০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ১ম ব্যাচে ৫টি বিষয়ে ১০০ জনের প্রশিক্ষণ চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী এখনও নির্বাচন করা হয়নি। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রে সদর উপজেলায় ১২০০ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। সদর উপজেলায় ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ২৫২ জনকে মোট ৩১,০৪.৫০০/- টাকা ঋণ দেয়া হয়েছে। উপ-পরিচালক (অ: দা:) যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করেন।

মন্তব্য/সুপারিশ :

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

উপসচিব (উ: ১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়